

পশ্চিমবঙ্গ কলেজ ও বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি

৮৯, মহাত্মা গান্ধী রোড, কলিকাতা- ৭০০ ০০৭

ফোন নম্বর : ২২৪১-২০৬০, ২২১৯-৮৯৩০

সার্কুলার- ১/২০১৬-২০১৭

তারিখ : ২০ - ১২ - ২০১৬

কনভেনার প্রাইমারী ইউনিট, ওয়েবকুটা/ জেলা সম্পাদক

-----কলেজ/বিশ্ববিদ্যালয়

প্রিয় সাথী,

শুভ ইংরাজী নববর্ষের অগ্রিম শুভেচ্ছা জানাই সকল সহকর্মী বন্ধুকে। সদ্য সমাপ্ত সমিতির ৮২তম দ্বিবার্ষিক সম্মেলন ও ৯০তম বার্ষিক সাধারণ সভাকে সফল করে তোলার জন্য যেভাবে আপনারা সহযোগিতার হাত বাড়িয়ে দিয়েছেন, আমরা অভিভূত। আপনাদের সকলকে সমিতির পক্ষ থেকে অকুণ্ঠ অভিনন্দন জানাই।

ইতিমধ্যে মর্মান্তিক পথ দুর্ঘটনায় কর্মসমিতির নবনির্বাচিত সদস্য, কলিকাতা বিশ্ববিদ্যালয়ের জনপ্রিয় অধ্যাপক, আমাদের প্রিয় সাথী ড. দিব্যেন্দু পাল প্রয়াত হয়েছেন। তাঁর এই অকাল প্রয়াণে আমরা শোকসন্তপ্ত। তাঁর শোকসন্তপ্ত পরিবারবর্গের প্রতি গভীর সমবেদনা জ্ঞাপন করছি।

এবারের বিধানসভা অধিবেশনের একেবারের শেষ পর্যায়ে রাজ্য সরকার কলেজ ও বিশ্ববিদ্যালয়ের প্রশাসনিক সংস্কারের নামে একটি বিল আনবার উদ্যোগ নিয়েছে। সংবাদ মাধ্যম সূত্রে ইতিমধ্যে এই বিল এর বেশ কিছু বিপজ্জনক অংশ আপনাদের গোচরে এসেছে। আমরা মনে করি এই বিল আইনে পরিণত হলে তা উচ্চশিক্ষার অঙ্গনে এক নজিরবিহীন কালাকানুন হিসাবে চিহ্নিত হবে। আমরা ইতিমধ্যে এই বিল এর প্রতিবাদ জানিয়েছি। সমিতির মতে সরকারের এই উদ্যোগ সব অর্থেই শিক্ষা ও শিক্ষক স্বার্থ বিরোধী, শিক্ষার স্বাধিকার বিরোধী, চরম স্বৈরাচারী ও অগণতান্ত্রিক পদক্ষেপ। রাজ্য সরকার যদিও এই বিল আপাতত স্থগিত রেখেছে, অধ্যাপক সমিতির দাবি - এই বিল সম্পূর্ণ ভাবে প্রত্যাহার করে নিতে হবে। আমাদেরকেও ভবিষ্যতের এই বিপদের কথা মাথায় রেখে পথে নেমে আন্দোলনের কর্মসূচি নেওয়ার মানসিক প্রস্তুতি নিতে হবে।

আগামী ৭ জানুয়ারি ২০১৭ রাজ্য সরকার শিক্ষক সংগঠনগুলির সাথে আলোচনার জন্য কলকাতার নেতাজী ইনডোর স্টেডিয়ামে একটি ‘শিক্ষক কনভেনশনের’ আয়োজন করেছে। কলেজ ও বিশ্ববিদ্যালয়গুলিতে বিকাশভবন থেকে এই মর্মে সার্কুলার এসেছে বলে জানতে পেরেছি। আমাদের সম্মেলনে উপস্থিত থেকে মাননীয় শিক্ষামন্ত্রী ঐদিন উপস্থিত হওয়ার জন্য আমাদের আমন্ত্রণ জানিয়েছেন। এছাড়া আমাদের সমিতির সভাপতি ও সাধারণ সম্পাদকের নামে দুটি আমন্ত্রণ পত্র এসেছে। আমরা কর্মসমিতির সভায় বিষয়টি আলোচনা করে সর্বসম্মত সিদ্ধান্ত নিয়েছি ঐদিনের সভায় উপস্থিত থাকার এবং মত বিনিময়ের সুযোগ থাকলে আমাদের মতামত জানানো। তাই সমিতির সকল সদস্যবন্ধুর কাছে আমাদের এই সিদ্ধান্ত যাতে যথাযথ ভাবে জানানো হয় ও তদনুযায়ী ব্যবস্থা গ্রহণ করা হয় সে বিষয়ে প্রাইমারী ইউনিটগুলোকে উদ্যোগ নিতে অনুরোধ করছি।

অধ্যাপক সমিতির পূর্ণাঙ্গ কর্মসমিতির নামের তালিকা ও ফোন নম্বর আপনাদের জ্ঞাতার্থে পেশ করা হল।

অভিনন্দন সহ :-

প্রতিমা প্রহ্লাদ

সাধারণ সম্পাদক